



# আরগ চেম্বারস্

(বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর একটি প্রতিষ্ঠান)  
চিনিশিল্প ভবন, ৬৮, আশ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম-৪১০০.

বরাত নং-আরগ/প্রশাসন/বিজ্ঞপ্তি/২০১৫-১৬/ ২৬৭

তারিখঃ ২১/০৪/২০১৬ খ্রিঃ


## “অফিস ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি”

বাণিজ্যিক রাজধানী চট্টগ্রাম এর প্রাণকেন্দ্র আশ্রাবাদ বাণিজ্যিক এলাকায় অবস্থিত বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের নিয়ন্ত্রণাধীন “চিনিশিল্প ভবন” বাণিজ্যিক ভবনের নিম্নের বর্ণনামতে অফিস স্পেস ভাড়া দেয়ার নিমিত্তে প্রতিষ্ঠিত ব্যবসায়ী, সিএসএফ এজেন্ট, শিপিং কোম্পানী, মোবাইল অপারেটর ইত্যাদি আশ্রয়ী দরদাতা/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ভাড়াযোগ্য ফ্লোর স্পেস (বর্গফুট)	তলার বিবরণ	ভাড়া দেয়ার তারিখ	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের শেষ তারিখ	দরপত্র খোলার তারিখ
১।	৫৪৬.২৮	৩য় তলা	০১/০৬/২০১৬	১৫/০৫/২০১৬	১৬/০৫/২০১৬	১৭/০৫/২০১৬
২।	৫৪৬.২৮	৪র্থ তলা	০১/০৬/২০১৬	১৫/০৫/২০১৬	১৬/০৫/২০১৬	১৭/০৫/২০১৬
৩।	৫৪৬.২৮	৫ম তলা	০১/০৬/২০১৬	১৫/০৫/২০১৬	১৬/০৫/২০১৬	১৭/০৫/২০১৬

শর্ত সম্বলিত দরপত্র সিডিউল অফিস চলাকালীন সময়ে অফেরতযোগ্য ৫০০.০০ (পাঁচশত) টাকা নগদ মূল্যে ১) ব্যবস্থাপক (ক্যাশ), বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন, চিনিশিল্প ভবন, ৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ ও ২) সহকারী ব্যবস্থাপক (হিসাব), বিএসএফআইসি, শিপিং অফিস, চিনিশিল্প ভবন, ৬৮, আশ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম-৪১০০ এর দপ্তর হতে নগদ মূল্যে সংগ্রহ করা যাবে। দরপত্রের সাথে “আরগ চেম্বারস্” চট্টগ্রাম এর অনুকূলে দরপত্র জামানত (ফেরৎযোগ্য) হিসেবে যে কোন সিডিউল ব্যাংক হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকার পে-অর্ডার/ডিডি সংযুক্ত করতে হবে। জামানত বিহীন, বিলম্বে প্রাপ্ত ও শর্তযুক্ত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

দরপত্র আগামী ১৬/০৫/২০১৬ খ্রিঃ তারিখে দুপুর ১২:০০ টার মধ্যে ১) সচিব শাখা, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন, চিনিশিল্প ভবন, ৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ ও ২) ডিজিএম (শিপিং), বিএসএফআইসি, শিপিং অফিস, চিনিশিল্প ভবন, ৬৮, আশ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম-৪১০০-এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে এবং প্রাপ্ত সকল দরপত্র আগামী ১৭/০৫/২০১৬ খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকার সময় অত্র দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ভাড়ার উপর সরকার নির্ধারিত হারে ভ্যাট ভাড়াটিয়ার নিকট হতে আদায় করা হবে। গ্রহণযোগ্য সর্বোচ্চ দরদাতাকে চুক্তি স্বাক্ষরের পূর্বে নিরাপত্তা জামানত বরাদ্দ ৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ টাকা (সুদবিহীন) জমা দিতে হবে। প্রথম পর্যায়ে ৩ (তিন) বছরের জন্য অস্থায়ী ভাড়ানামা চুক্তি সম্পাদন করা হবে। পরবর্তীতে উভয় পক্ষের সন্তোষজনক আলাপ-আলোচনার ভিত্তিতে চুক্তি নবায়ন করা হবে। ৩ (তিন) মাসের নোটিশ প্রদান সাপেক্ষে উভয় পক্ষ চুক্তি বাতিল করতে পারবে। অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলা সম্ভব না হলে, পরবর্তী কার্যদিবসে নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ ও খোলা হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
২১/৪/১৬  
মোঃ গোলাম ফারুক  
ডিজিএম (শিপিং)  
ফোন নং: ০৩১-৭১০১৪৬